

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স
ডবন-২ (লেভেল- ৪, ৫, ৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ: ২০ জানুয়ারি, ২০২৬ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ২০-০১-২০২৬ তারিখ জনাব জাকিয়া সুলতানা, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এর নেতৃত্বে রেড বাফেট এন্ড রুফটপ রেস্তুরেন্ট, ১১, ব্লক-এ, সেকশন-১১, মিরপুর, ঢাকাতে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

মোবাইল কোর্ট পরিচালনাকালে রেস্তুরেন্টটির রান্নাঘর অত্যন্ত নোংরা ও অপরিষ্কার অবস্থায় পরিলক্ষিত হয় অর্থাৎ রান্নাঘরে প্রচুর পরিমাণে তেলাপোকার উপস্থিতি পরিলক্ষিত হয়; রান্নাঘরে কর্মচারীদের পোশাক বুলিয়ে রাখতে দেখা যায়; খাদ্যোপকরণের সাথেই ফ্লোর ক্লিনিং এজেন্ট সংরক্ষণ করতে দেখা যায়; বিদেশী খাদ্যোপকরণ এর মোড়কে কোন প্রকার আমদানিকারকের তথ্য সংবলিত ছিলো না; প্রতিষ্ঠানের ব্যবস্থাপক মোবাইল কোর্ট পরিচালনাকালে বিভিন্নভাবে কোর্টকে অসহযোগীতা করে; এছাড়াও উক্ত প্রতিষ্ঠানের বাধ্যতামূলক নিবন্ধন যেমন- ট্রেড লাইসেন্স, ফায়ার লাইসেন্স ও রেস্তোরী নিবন্ধন সনদ প্রদর্শনে ব্যর্থ হয়। এসকল অপরাধে দোষ স্বীকারোক্তির ভিত্তিতে নিরাপদ খাদ্য আইন, ২০১৩ অনুযায়ী উক্ত প্রতিষ্ঠানের বিরুদ্ধে নিয়মিত মামলা দায়েরের জন্য আদেশ দেয়া হয়।

অভিযানকালে জনাব মাহমুদুল হাছান আনচারী, নিরাপদ খাদ্য পরিদর্শক ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং ব্যাটালিয়ন আনসার সদস্যবৃন্দের একটি চৌকস টিম উপস্থিত ছিলেন।


২০.০১.২০২৬

বি. এম রুহুল আমিন রিমন

উপপরিচালক (মাঠ কার্যক্রম অধিশাখা)

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

ই-মেইল: dd.enforcement@bfsa.gov.bd

বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৭। অফিস কপি।